# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৩৫

৩৯/ সংসারের প্রতি অনাসক্তি (كتاب الزهد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ যামানা নিকটবর্তী হওয়া এবং আকাঙ্ক্ষা হ্রাস পাওয়া।

باب مَا جَاءَ فِي تَقَارُبِ الزَّمَانِ وَقِصَرِ الأَمَلِ

আরবী

حَدَّثَنَا عَبَّاسُ بْنُ مُحَمَّدٍ الدُّورِيُّ، حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْعُمَرِيُّ، عَنْ سَعْدِ بْنِ سَعِيدٍ الأَنْصَارِيِّ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ تَقُومُ السَّاعَةُ حَتَّى يَتَقَارَبَ الزَّمَانُ فَتَكُونُ السَّنَةُ كَالشَّهْرِ وَالشَّهْرُ كَالْجُمُعَةِ وَتَكُونُ الْجُمُعَةُ كَالْيَوْمِ وَيَكُونُ الْيَوْمُ كَالسَّاعَةِ وَتَكُونُ السَّاعَةُ كَالضَّرْمَةِ بِالنَّارِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ . وَسَعْدُ بْنُ سَعِيدٍ هُوَ أَخُو يَحْيَى بْنِ سَعِيدٍ الأَنْصَارِيِّ .

বাংলা

২৩৩৫. আব্বাস ইবন মুহাম্মদ দূরী (রহঃ) ..... আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামত সংঘটিত হবে না যতদিন না যামানা পরস্পর নিকটবর্তী হয়। একটি বছর হবে মাসের মত, মাস হবে সপ্তাহের মত, সপ্তাহ হবে দিনের মত, দিন হবে ঘন্টার মত আর ঘন্টা হকে প্রজ্জলিত শুকনা কাঠের মত। সহীহ, মিশকাত, তাহকিক ছানী ৫৪৪৮, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৩২ [আল মাদানী প্রকাশনী]

এই সূত্রে হাদীসটি গারীব, রাবী সা’দ ইবন সাঈদ (রহঃ) হলেন প্রসিদ্ধ হাদীস বেত্তা ইয়াহইয়া ইবন সাঈদ আনসারী (রহঃ) এর ভাই।

## English

Anas bin Malik narrated that the Allah's Messenger (s.a.w) said:
"The hour shall not be established until time is constricted, and the year is like a month, a month is like the week, and the week is like the day, and the day is like the hour, and the hour is like the flare of the fire."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37689

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন